## Tripura receives first ever inland shipping cargo from Bangladesh

September 03, 2020

বাংলাদেশথেকে প্রথম অন্তর্দেশীয় পণ্যবাহী জাহাজ ত্রিপুরা গ্রহণ করতে চলেছে

সেপ্টেম্বর 03,2020

দাউকান্দি (বাংলাদেশ) –সোনামূড়া (ত্রিপুরা) অন্তর্দেশীয় জলপথ প্রোটকল যাত্রাপথের কার্যকারিতাকে অনুসরন করে ভারত এবং বাংলাদেশের মধ্যেকার সম্পর্ক আজ এক নতুন মাইল ফলককে স্পর্শ করল।

সিমেন্ট বোঝাই বাংলাদেশী ভেসেল এমবি প্রিমিয়ার, দাউকান্দি থেকে সেপ্টেম্বর 03,2020 তারিখে যাত্রা শুরু করে গুমতি নদীর বুকে 93 কিমি পথ অতিক্রম করে সেপ্টেম্বর 05, 2020 তারিখে সোনামূড়া এসে পৌঁছবে।বাংলাদেশ থেকে ত্রিপুরাতে অন্তর্দেশীয় জলপথের মধ্যমে এটি হবে সর্বপ্রথম রপ্তানি চালান। ত্রিপুরার মুখমন্ত্রী শ্রী বিপ্লব কুমার দে এবং বাংলাদেশে ভারতের হাই কমিশনার শ্রীমতি রিভা গাঙ্গুলি দাসের উপস্থিতিতে এই পণ্যবাহী ভেসেলটিকে গ্রহণ করা হবে।

বাংলাদেশের সাথে সার্বিকভাবে দ্বিপাক্ষিক বাণিজ্যকে আরো সুবিধাপ্রদান করার পাশাপাশি এই নতুন প্রোটকল যাত্রাপথের কার্যকারিতা মিতব্যয়ী, দ্রুত,সুরক্ষিত এবং পরিবেশ বান্ধব পরিবহন প্রদান করবে এবং এর ফলে উভয় পক্ষের স্থানীয় জনগণ পর্যাপ্ত আর্থিক সুবিধা লাভ করবে।

দুই দেশের মধ্যে,বিশেষত ভারতের উত্তরপূর্ব অঞ্চলের সাথে অন্তর্দেশীয় জলপথের সংযোগ প্রদান করার জন্য এবং দ্বিপাক্ষিক বাণিজ্য বৃদ্ধির উদ্দেশ্যে ভারত এবং বাংলাদেশের মধ্যে দ্য প্রোটকল ফর ইনল্যান্ড ওয়াটার ট্রেড এন্ড ট্রানজিট (পিআইডবলিউটিটি) স্বাক্ষরিত হয়েছিল 1972 সালে। এই প্রোটকল যাত্রাপথে গত একবছর ধরে 3.5 এমএমটি পণ্য ভারত এবং বাংলাদেশের মধ্যে যাতায়াত করেছে। অতিরিক্ত যাত্রাপথ এবং সাময়িক নোঙ্গর বন্দরের অন্তর্ভুক্তি সহ মে 20,2020 তারিথে পিআইডবলিউটিটি–র দ্বিতীয় সংশোধনী স্বাক্ষরিত হবার মধ্যমে পিআইডবলিউটিটি–র পরিসরকে আরও বৃদ্ধি করা হয়েছে। প্রোটকলের একটি নতুন যাত্রাপথ হিসেবে গুমতি নদীবক্ষে (93 কিমি) প্রসারিত সোনামুড়া–দাউদথান্দি যাত্রাপথটি ভারত এবং বাংলাদেশের অর্থনৈতিক কেন্দ্রন্থলের সাথে ত্রিপুরা এবং সন্নিহিত রাজ্যগুলির সংযোগের উন্নতি সাধন করবে ও উভ্যুদেশের পশ্চাদভূমিগুলিকে সাহায্য প্রদান করবে।

নিউ দিল্লি সেপ্টেম্বর 03,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.